

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 19-01-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ব্যাঙ্গালুরুতে আধুনিক বোয়িং ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি সেন্টার পরিসরের উদ্বোধন করবেন। তেতাল্লিশ একর জায়গায় এক হাজার ছয়শ কোটি টাকা ব্যয়ে তৈরী করা বোয়িং ইন্ডিয়া পরিসর আমেরিকার বাইরে সবচেয়ে বড় কেন্দ্র হিসেবে মনে করা হচ্ছে। এই কেন্দ্র থেকে বিমান পরিবহন ক্ষেত্র এবং প্রতিরক্ষা উদ্যোগের আগামী প্রজন্ম উৎপাদন এবং পরিসেবা বিকশিত করার ক্ষেত্রে সাহায্য পাওয়া যাবে। উদ্বোধন সমারোহে প্রধানমন্ত্রী বোয়িং সুকন্যা প্রকল্পেরও সূচনা করবেন।

Kokborok Day:

আজ ককবরক দিবস। ১৯৭৯ সালের এই দিনে ককবরক ভাষাকে রাজ্য সরকারী ভাষার স্বীকৃতি দেওয়া হয়। রাজ্যের জনজাতিদের একটি বড় অংশের নিজস্ব ভাষা হল ককবরক। এই ককবরক ভাষা দিবস উদযাপনে রাজ্য সরকারের পক্ষ থেকে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগরতলার বিভিন্ন স্কুলে এই দিবস উদযাপন উপলক্ষ্যে প্রভাত ফেরীর আয়োজন করা হয়েছে।

Visit of central minister :

কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও আইটি, জলশক্তি দপ্তরের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর আজ দুদিনের রাজ্য সফরে আগরতলা আসছেন। আগরতলা

টাউন হলে তিনি দুটি বিশ্বকৰ্মা সেন্টাৰেৰ উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেবেন। এছাড়া আগৰতলায় ইন্ডিয়ান ইনষ্টিটিউট অফ এন্টাৰপ্ৰেনাৰশিপেৰ প্ৰশিক্ষণাৰ্থী এবং যুবকদেৰ সঙ্গে মত বিনিময় কৰবেন। মন্ত্ৰী শ্ৰী চন্দ্ৰশেখৰ ককবৰক দিবসেৰ অনুষ্ঠানেও উপস্থিত থাকবেন। এছাড়া গান্ধীগ্ৰামে জল জীবন মিশনেৰ অগ্ৰগতি পৰ্যালোচনা কৰতে গান্ধীগ্ৰামে জল শোধনাগাৰে যাবেন তিনি। সফৰেৰ দ্বিতীয় দিনে তিনি আগৰতলা পুৰ নিগমে কৰ্পোৰেটৰদেৰ সঙ্গে আলোচনা কৰবেন।

Amit Shah:

স্বৰাষ্ট্ৰমন্ত্ৰী অমিত শাহ আজ এবং আগামীকাল অসমেৰ বেশ কয়েকটি জায়গায় বিভিন্ন অনুষ্ঠানে অংশ গ্ৰহণ কৰবেন। তিনি আজ সন্ধ্যায় তেজপুৰে মহাভৈৰব মন্দিৰে স্বচ্ছতা অভিযানে যোগদান কৰবেন। আগামীকাল স্বৰাষ্ট্ৰমন্ত্ৰী তেজপুৰ বিশ্ববিদ্যালয়ে ড: ভূপেন হাজাৰিকাকে সমৰ্পিত এক সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দেবেন। তিনি তেজপুৰে SSB-ৰ ৬০তম প্ৰতিষ্ঠা দিবসেও অংশ নেবেন। সফৰ শেষ কৰাৰ আগে তিনি ব্ৰহ্মপুত্ৰ ৰিভাৰ ফ্ৰণ্টেৰও উদ্বোধন কৰবেন।

Half Day Holiday :

আগামী ২২শে জানুৱাৰী অযোধ্যায় ৰামলালাৰ প্ৰাণ প্ৰতিষ্ঠান উৎসবে কৰ্মচাৰীদেৰ যোগদানেৰ জন্য ৰাজ্য সৰকাৰেৰ সমস্ত অফিস এবং শিক্ষা প্ৰতিষ্ঠান দুপুৰ দুটো ত্ৰিশ মিনিট পৰ্যন্ত বন্ধ থাকবে। ৰাজ্য সৰকাৰেৰ পক্ষ থেকে এক বিবৃতিতে গতকাল এই সংবাদ জানানো হয়েছে।

CM :

মুখ্যমন্ত্ৰী প্ৰফেচৰ (ডা.) মানিক সাহা গতকাল উত্তৰ-পূৰ্বাঞ্চল পৰ্ষদেৰ (এনইসি) ৭১তম প্ল্যানাৰি অধিবেশনে যোগ দিতে মেঘালয়েৰ ৰাজধানী

শিলংয়ে গেছেন। আজ শিলংয়ে উত্তর-পূর্বাঞ্চল পর্ষদের ৭১তম প্ল্যানারি অধিবেশন অনুষ্ঠিত হবে। প্ল্যানারি অধিবেশনে সভাপতিত্ব করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তাছাড়াও এই অধিবেশনে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রী জি কিষণ রেড্ডি, উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীদের উপস্থিত থাকার কথা রয়েছে।

CM Swachhta :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল পশ্চিম জয়নগরে শংকর মঠ এলাকায় স্বচ্ছতা অভিযানে অংশ নেন। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ অন্যরা। মুখ্যমন্ত্রী শ্রী সাহা জানান, আগামী ২২শে জানুয়ারী অযোধ্যায় রাম মন্দিরের উদ্বোধন উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বার্তাকে সামনে রেখে মন্দির ও সংলগ্ন এলাকায় স্বচ্ছতার অভিযান করা হচ্ছে।

Pilak Archeological & Tourism Festival:

দক্ষিণ জেলার পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলে আজ থেকে শুরু হচ্ছে পিলাক প্রত্ন ও পর্যটন উৎসব। উদ্বোধন করবেন কৃষি মন্ত্রী রতনলাল নাথ। উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, খাদ্য ও জনসংভরণ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া প্রমুখ উপস্থিত থাকার কথা রয়েছে উদ্বোধনী অনুষ্ঠানে। তিনদিনব্যাপী এই উৎসব চলবে ২১ জানুয়ারী রবিবার পর্যন্ত।

PM, VBSY :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল দেশের সকল নাগরিককে পুষ্টি ও স্বাস্থ্যের নিশ্চয়তা দেওয়ার জন্য তাঁর সরকারের সংকল্প পুনর্ব্যক্ত করেছেন। গতকাল বিকেলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিকশিত ভারত সংকল্প যাত্রার

সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি বলেন, গত নয় বছরে ২৫ কোটিরও বেশি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন। তিনি বলেন, সরকার স্বচ্ছ ও দক্ষ শাসন ব্যবস্থার মাধ্যমে দারিদ্র্য বিমোচনে বদ্ধপরিকর। তিনি আরও বলেন, গত দশ বছরে চার কোটির বেশি মানুষকে পাকা বাড়ি দেওয়া হয়েছে।

VBSY-Khowai :

খোয়াই ব্লকের অন্তর্গত পশ্চিম সিঙ্গীছড়া গ্রামে আজ বিকশিত ভারত সংকল্প যাত্রা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন খোয়াই জেলা পরিষদের সদস্য সুব্রত মজুমদার, খোয়াই পুর পরিষদের চেয়ারম্যান দেবশীষ নাথ শর্মা, খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস কান্তি দাস প্রমুখ।

Weather :

আবহাওয়া পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২১ ডিগ্রির কাছাকাছি। রাজ্যে সবকটি জেলায় ঘন কুয়াশার সতর্কবার্তা দেওয়া হয়েছে।
